

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৩৮

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৯. অঙ্গে তুষ্টি

بَابِ الْقَنَاعَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ لَهِيعَةَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي جَعْفَرٍ، وَحُمَيْدِ بَنْ مُحَمَّدُ بْنُ رُمْحٍ، حَدَّثَنَا عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ هَانِئِ الْخُولانِيِّ، أُنَّهُمَا سَمِعَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيُّ، يُخْبِرُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ هَانِئِ الْخَوْلانِيِّ، أَنَّهُ مَا سَمِعَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيُّ، يُخْبِرُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بُنِ الْعَاصِ، عَنْ رَسُولِ اللَّهِ عصلى الله عليه وسلم للله قال " قَدْ أَفْلَحَ مَنْ هُدِيَ إِلَى الْإِسْلاَمِ وَرُزِقَ الْكَفَافَ وَقَنِعَ بِهِ " .

বাংলা

২/৪১৩৮। আবদুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি ইসলামের দিকে হেদায়াতপ্রাপ্ত হয়েছে, যাকে প্রয়োজন মাফিক রিযিক দান করা হয়েছে এবং যে তাতেই পরিতুষ্ট থাকে, সে-ই সফলকাম হয়েছে।

English

It was narrated from 'Abdullah bin 'Amr bin 'As that the Messenger of Allah (ﷺ) said:

"He has succeeded who is guided to Islam and is granted sufficient provision and is content with it."

ফুটনোট

মুসলিম ১০৫৪, তিরমিয়া ২৩৪৮, সহীহাহ ১২৯, তাখরীজুল মুশকিলাহ ১৮। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন লাহীআহ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার হাদিসের ব্যাপারে কোন সমস্যা নেই। আমর বিন ফাল্লাস বলেন, তার কিতাব সমূহ পুড়ে যাওয়ায় হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। কিতাব সমূহ পুড়ে যাওয়ায় যে হাদিস বর্ণনায় করেছেন তা দুর্বল। আবু কাসিম বলেন, তিনি হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। আবু বকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দলীল হিসেবে গ্রহণযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী তাকে দুর্বল



বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কিতাব সমূহ পুড়ে যাওয়ার পর হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। বিশর ইবনুস সারী বলেন, যদি তার সাথে আমার সাক্ষাৎ হত তবে আমি তার থেকে কোন হাদিস গ্রহন করতাম না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৫১৩, ১৫/৪৮৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন